

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৩৪. দরিদ্র হওয়াতে দুঃখ করবেন না; কারণ,

আলী (রাঃ) বলেছেন, "মানুষ যে ভালো কাজ করে তা অনুপাতেই তার (প্রকৃত) মূল্য নির্ধারণ করা হয়।" অতএব, এক জ্ঞানী, বিজ্ঞ, পণ্ডিত ও আলেম ব্যক্তির মূল্য তার জ্ঞানের উপর ভিত্তি করে নির্ধারিত হয়, তার জ্ঞান কি সীমিত না বিশাল এবং সে কী পরিমাণে তার জ্ঞানকে প্রসারিত করে তার ওপর ভিত্তি করে তার মূল্য নির্ধারিত হয়। অনুরূপভাবে কবির মূল্যায়ন হয় তার কবিতার মানের উপর এবং এ কারণে একথা প্রতিটি পেশার প্রতিটি লোকের জন্যই প্রযোজ্য। সে যে কাজ করে তার সৌন্দর্যের দ্বারাই জনগণের নিকট তার মূল্য নিরূপিত হয়। পেশা অনুসারে নয় বরং ধর্ম অনুসারে এবং সাধারণত জীবন অনুসারে প্রত্যেকেরই উচিত, ভালো কাজ করে, তাদের জ্ঞান ও প্রজ্ঞার স্তর বৃদ্ধি করে, তাদের মনকে সংস্কৃতিসম্পন্ন ও সভ্যভব্য করে এবং তাদের ব্যক্তিত্বের মহান করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7742

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন